



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, রাজামাটি পার্বত্য জেলা  
(সংস্থাপন শাখা)



[www.rangamati.gov.bd](http://www.rangamati.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২০২.০৩.০০২.২২- ১০৫

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ নভেম্বর ২০২১ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২০.১৫.২৬ সংখ্যক স্মারক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ২৩ নভেম্বর ২০২১ খ্রি: তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০১২.২১-১৩২ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে রাজামাটি পার্বত্য জেলার জেলাপ্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত রাজামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (<http://dcrangamati.teletalk.com.bd>) ওয়েবসাইটে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সীট মুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর	০৫ (পাঁচ) টি	গ্রেড-১৪ স্কেল-১০,২০০-২৪,৬৮০/-	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলশ্যুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা থাকতে হবে। (গ) সীটলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হতে হবে।
২	লাইব্রেরি সহকারী	০১(এক)টি	গ্রেড-১৬ স্কেল- ৯,৩০০-২২৪৯০/-	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) কম্পিউটার চালনায় দক্ষতা গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হতে হবে।

**আবেদনের শর্তাবলী**

- ০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও রাজামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীর বয়সসীমা আগামী ০১/০৩/২০২২ খ্রি: তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত / প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।



০৪। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সকল প্রকার সনদ পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে :

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) ১ম শ্রেণির গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন সনদ;

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী ( বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা ) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ছ) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র;

জ) জেলাপ্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র;

ঞ) প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ / প্রমাণপত্রের সনদ;

ট) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

ঠ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

০৫। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে জেলাপ্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের "কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১০। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকুরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১২। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।



## অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

- ১৩। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <http://dcrangamati.teletalk.com.bd> এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখ: ০১-০৩-২০২২, সকাল ১০.০০টা এবং শেষ তারিখ: ২০-০৩-২০২২ বিকাল ০৫.০০টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- খ. অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঞ্জিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel ) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
- ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
- ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবসাইটে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কতৃপক্ষ দায়ী থাকবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** DCRANGAMATI<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **DCRANGAMATI ABCDEF** & send to 16222

Reply :Applicant's Name, Tk,112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCrangamati Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCRANGAMATI<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **DCRANGAMATI Yes 12345678** & send to 16222

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCrangamati Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

- চ) প্রবেশপত্রঃ প্রাপ্তির বিষয়টি <http://dcrangamati.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
- ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ডেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।
- জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
- i) User ID জানা থাকলে: DCRANGAMATI<space>Help<space>User<space>User ID& send to 16222  
Example: **DCRANGAMATI Help User ABCDEF** & send to 16222
- ii) PIN Number জানা থাকলে: DCRANGAMATI<space>Help<space>PIN<space>PIN No& send to 16222  
Example: **DCRANGAMATI Help PIN 1234567** & send to 16222



(বা) বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও জেলাপ্রশাসকের কার্যালয়, [www.rangamati.gov.bd](http://www.rangamati.gov.bd) এর ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল <http://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য <http://dcrangamati.teletalk.com.bd> ওয়েবসাইটে হতে জানা যাবে।



(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে [vas.quary@teletalk.com.bd](mailto:vas.quary@teletalk.com.bd) বা [dcrangamati@mopa.gov.bd](mailto:dcrangamati@mopa.gov.bd) ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **DCRANGAMATI**, Post Name: \*\*\*\*\*, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

স্বাঃ/-

(মোহাম্মদ মিজানুর রহমান)

জেলাপ্রশাসক

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন: ২৩৩৩৭১৬৩২, ফ্যাক্স: ২৩৩৩৭১৬০৬

E-mail: [dcrangamati@mopa.gov.bd](mailto:dcrangamati@mopa.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২০২.০৩.০০২.২২- ১৩৫


তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম
- ০৩। জেলাপ্রশাসক.....(সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০২। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৩। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৪। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৫। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৬। মেয়র, রাঙ্গামাটি পৌরসভা/বাঘাইছড়ি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৭। জেলা..... অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গামাটি সদর/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/বিলাইছড়ি/বরকল/লংগদু/নানিয়ারচর/জুরাছড়ি/বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/বিলাইছড়ি/বরকল/লংগদু/নানিয়ারচর/জুরাছড়ি/বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১০। সহকারী কমিশনার (ভূমি), রাঙ্গামাটি সদর/কাউখালী/কাপ্তাই/লংগদু/বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ অফিস (বিজ্ঞপ্তি ওয়েবপোর্টালে প্রচারের জন্য)
- ১২। জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ভাস শাখা, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
- ১৩। সভাপতি, প্রেস ক্লাব, রাঙ্গামাটি রিপোর্টস ইউনিট, রাঙ্গামাটি
- ১৪। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর/দৈনিক গিরিদর্পন, রাঙ্গামাটি পার্বত্য জেলা। উপরিউক্ত নিয়োগ বিজ্ঞপ্তি আগামী ২৭/০২/২০২২ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় (৫x২০ ইঞ্চি কলামে) প্রকাশ করে ০১ (এক) সংখ্যা প্রকাশের জন্য অত্রসাথে ০২ (দুই) কপি নিয়োগ বিজ্ঞপ্তি সংযুক্ত করা হল। প্রকাশিত পত্রিকার ০৫(পাঁচ) কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

  
২২০২২০২২  
জেলাপ্রশাসক  
রাঙ্গামাটি পার্বত্য জেলা